# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৬]

৬. কিতাবুল হায়েয বা ঋতু (كتاب الحيض)

পরিচ্ছেদঃ হায়েয থেকে পবিত্র হওয়ার জন্য গোসল করার সময় মহিলারা মাথায় চিরুনী করতে পারে

اب امْتِشَاطِ الْمَرْأَةِ عِنْدَ غُسْلِهَا مِنَ الْمَحِيضِ

---

আরবী

□□□۔ عَنْ عَائِشَةَ رضي الله عنها قَالَتْ: أَهْلَلْتُ مَعَ رَسُولِ اللَّهِ فِي حَجَّةِ الْوَدَاعِ، فَكُنْتُ مِمَّنْ تَمَتَّعَ وَلَمْ يَسُقِ الْهَدْيَ، فَزَعَمَتْ أَنَّهَا حَاضَتْ، وَلَمْ تَطْهُرْ حَتَّى دَخَلَتْ لَيْلَةُ عَرَفَةَ، فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، هَذِهِ لَيْلَةُ عَرَفَةَ، وَإِنَّمَا كُنْتُ تَمَتَّعْتُ بِعُمْرَةٍ؟ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ انْقُضِي رَأْسَكِ وَامْتَشِطِي وَأَمْسِكِي عَنْ عُمْرَتِكِ. فَفَعَلْتُ، فَلَمَّا قَضَيْتُ الْحَجَّ، أَمَرَ عَبْدَالرَّحْمَنِ لَيْلَةَ الْحَصْبَةِ، فَأَعْمَرَنِي مِنَ التَّنْعِيمِ، مَكَانَ عُمْرَتِي الَّتِي نَسَكْتُ.
(بخارى:□□□)

বাংলা

২১১) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ বিদায় হজ্জের বছর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ইহরাম বাঁধলাম। যারা তামাত্তো হজ্জ করার ইচ্ছা করেছিলেন এবং কুরবানীর পশু সাথে নিয়ে আসেনি আমি ছিলাম তাদের অন্তর্ভূক্ত। আয়েশা (রাঃ) বলেনঃ ইহরামের পর তাঁর হায়েয এসে গেল। আরাফার রাত্রি এসে যাওয়ার পরও তিনি পবিত্র হলেন না। তিনি বললেনঃ হে আল্লাহর রাসূল! আজ আরাফার রাত্রি। আমি তো তামাত্তো হজ্জের নিয়ত করে প্রথমে উমরার ইহরাম বেঁধেছি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বললেনঃ তোমার মাথার চুল খুলে ফেল এবং চিরুনী করে উমরা ছেড়ে দাও। আয়েশা (রাঃ) বলেনঃ আমি তাই করলাম। আমি যখন হজ্জের যাবতীয় কাজ পূর্ণ করলাম, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিনার পরের রাতে আমার ভাই আব্দুর রাহমানকে আদেশ দিলে তিনি আমাকে তানঈম থেকে উমরা করালেন। এটি ছিল আমার ছুটে যাওয়া প্রথম উমরার স্থলাভিষিক্ত।

## English

The combing of head-hair while taking the bath after finishing from her menses

Narrated `Aisha:

In the last Hajj of Allah's Messenger (ﷺ) I assumed the Ihram for Hajj along with Allah Apostle. I was one of those who intended Tamattu` (to perform Hajj and `Umra) and did not take the Hadi (animal for sacrifice) with me. I got my menses and was not clean till the night of `Arafa I said, "O Allah's Apostle! It is the night of the day of `Arafat and I intended to perform the Hajj Tamattu` with `Umra. Allah's Messenger (ﷺ) told me to undo my hair and comb it and to postpone the `Umra. I did the same and completed the Hajj. On the night of Al-Hasba (i.e. place outside Mecca where the pilgrims go after finishing all the ceremonies of Hajj at Mina) he (the Prophet) ordered `Abdur Rahman (`Aisha's brother) to take me to at-Tan`im to assume the Ihram for `Umra in lieu of that of Hajj-at-Tamattu` which I had intended to perform.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89509

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন